

🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪: ৩৪

া আরবি মূল আয়াত:

وَ مَا اَرسَلنَا فِي قَريَةٍ مِّن تَّذِيرٍ إِلَّا قَالَ مُترَفُوهَا إِنَّا بِمَا أُرسِلتُم بِهِ كُورُونَ ﴿٣٢﴾

আর আমি কোন জনপদে সতর্ককারী প্রেরণ করলেই সেখানকার বিত্তবান অধিবাসীরা বলেছে, 'তোমরা যা নিয়ে প্রেরিত হয়েছ অবশ্যই আমরা তা প্রত্যাখ্যানকারী'। — আল-বায়ান

যখনই কোন জনপদে আমি সতর্ককারী পাঠিয়েছি, সেখানকার বিত্তবানরা বলেছে তোমাদেরকে যা দিয়ে পাঠানো হয়েছে আমরা তা অস্বীকার করছি। — তাইসিরুল

যখনই আমি কোন জনপদে সতর্ককারী প্রেরণ করেছি তখনই ওর বিত্তশালী অধিবাসীরা বলেছেঃ তোমরা যা সহ প্রেরিত হয়েছ আমরা তা প্রত্যাখ্যান করি। — মুজিবুর রহমান

And We did not send into a city any warner except that its affluent said, "Indeed we, in that with which you were sent, are disbelievers." — Sahih International

- ৩৪. আর আমরা কোন জনপদে সতর্ককারী প্রেরণ করলেই তার বিত্তশালী অধিবাসীরা বলেছে, তোমরা যা সহ প্রেরিত হয়েছ আমরা তার সাথে কুফরী করি।(১)
 - (১) একথা কুরআন মজীদের বহুস্থানে বর্ণনা করা হয়েছে যে, আম্বিয়া আলাইহিমুস সালামের দাওয়াতকে সর্বপ্রথম ও সবার আগে রুখে দাঁড়াতো সমাজের সচ্ছল শ্রেণী, যারা অর্থ-বিত্ত, সহায়-সম্পদ ও কর্তৃত্ব-ক্ষমতার অধিকারী ছিল। দৃষ্টান্তম্বরূপ নিম্নোক্ত স্থানগুলো দেখুন, [সূরা আল আনআম ১২৩; সূরা আল আ'রাফ ৬০, ৬৬, ৭৫, ৮০, ৯০; সূরা হুদ ২৭; সূরা বনী ইসরাঈল ১৬; সূরা আল মু'মিমূন ২৪, ৩৩ থেকে ৩৮, ৪৬, ৪৭ এবং সূরা আয যুখরুফ ২৩ আয়াত]।

তাফসীরে জাকারিয়া

(৩৪) যখনই আমি কোন জনপদে সতর্ককারী প্রেরণ করেছি সেখানকার বিত্তশালী অধিবাসীরা বলেছে, 'তুমি যা নিয়ে প্রেরিত হয়েছ আমরা তা প্রত্যাখ্যান করি।' [1]



[1] এখানে নবী করীম (সাঃ)-কে সান্ত্বনা দেওয়া হচ্ছে যে, মক্কার নেতারা তোমার উপর ঈমান আনছে না এবং তোমাকে কষ্ট দিচ্ছে, এটা এমন কোন নতুন কাজ নয়। প্রত্যেক যুগেই অধিকাংশ ধনী শ্রেণীর মানুষেরা পরগম্বরদেরকে মিথ্যা মনে করেছে। আর প্রত্যেক পরগম্বরের প্রতি ঈমান আন্য়নকারীদের মধ্যে প্রথম সারিতে থাকত গরীব ও দুর্বল শ্রেণীর লোকেরাই। যেমন নৃহ (আঃ)-এর সম্প্রদায় তাদের পরগম্বরকে বলেছিল, (اَ وَالْتَبَعَكَ الْأَرْدَلُونَ وَالْتَبِعَكَ الْأَرْدَلُونَ اللَّهُ وَالْتَبِعَكَ الْأَرْدَلُونَ اللَّهُ وَالْتَبِعَكَ الْأَرْدَلُونَ وَالْتَبِعَكَ الْأَرْدَلُونَ وَالْتَبِعَكَ الْأَرْدَلُونَ وَالْتَبِعَكَ اللَّهُ وَاللَّهُ وَلَا اللَّهُ وَاللَّهُ و

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3640

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন